কালের কণ্ঠ

তারিখ ১ 5 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

এমবিবিএস ভর্তি পরীক্ষায় নম্বর কাটা

# হাইকোর্টের আদেশ ৩ অক্টোবর পর্যন্ত স্থগিত

নিজস্ব প্রতিবেদক ▷

মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের ৫ নম্বর কেটে মেধাতালিকা তৈরির সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগের অবকাশকালীন চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। আগামী ৩ অক্টোবর পর্যন্ত এ স্থগিতাদেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে হাইকোর্টের আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আবেদনের (লিভ টু আপিল) ওপর ৩ অক্টোবর আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির দিন ধার্য হয়েছে।

হাইকোর্ট গত ১২ সেপ্টেম্বর এক আদেশে মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কেটে মেধাতালিকা তৈরির সরকারি সিদ্ধান্ত স্থগিত করেন। শুধু চলতি শিক্ষাবর্ষের (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) ক্ষেত্রে এ স্থগিতাদেশ দেওয়া হয়। একই সঙ্গে দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কেটে মেধাতালিকা তৈরি করার সিদ্ধান্ত কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করা হয়। এ অবস্থায় হাইকোর্টের স্থগিতাদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আবেদন করে।